**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস বন্ড কমিশনারেট
৪২, এম. এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম।
ওয়েবসাইট : www.cbcctg.gov.bd
ই-মেইল: cbcctg@yahoo.com, ফোন : ০৩১-২৮৬৩২৫১

নথি নং-৫(৬)কাবক/চট্টঃ/নাস এ্যাপারেলস/অডিট/০৪/২০০৮ / ৭৮৪৮ তাং-২৬/০৬/২০২৬ খ্রি.

বিচারাদেশ নং : ১৬৪ /২০২৬, তারিখ : ২৬ /০৬/২০২৬ খ্রি.

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম : মোহাম্মদ শহীদুল ইসলাম

পদবী : অ্যাডিশনাল কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

## মূল আদেশ

০১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা মূল্যে প্রদান করা হলো।

০২। এ আদেশের বিরুদ্ধে আপীল করতে হলে তা আদেশ জারীর ০৩ (তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল ট্রাইব্যুনাল, রাজস্ব ভবন (১১ তলা), প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা বরাবরে দাখিল করতে হবে।

০৩। আপীল আবেদনের উপর ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা মাত্র মূল্যের কোর্ট ফি স্ট্যাম্প সংযুক্ত করতে হবে এবং সেই সঙ্গে নিম্নলিখিত দলিলাদিও সংযুক্ত করে দিতে হবে।

ক) ১৮৭০ সনের কোর্ট ফি স্ট্যাম্প এ্যাক্ট এর ১নং তফশীলের ৬ নং দফা অনুযায়ী টাকা ২০/-(বিশ) মাত্র মূল্যের কোর্ট ফি যুক্ত এ আদেশের একটি অতিরিক্ত অনুলিপি ; এবং

খ) আপীল আবেদনের একটি অতিরিক্ত অনুলিপি।

০৪। আপীল আবেদনের একটি অনুলিপি অবশ্যই কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৪২, এম, এম, আলী রোড, লালখাঁন বাজার, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে।

০৫। কাস্টমস এ্যাক্ট, ২০২৩ এর ধারা ২২৩, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২২ এর প্রতি আপিলকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক আপিল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/শুল্ক/মূল্য সংযোজন কর ইত্যাদি অবশ্যই আইনের ধারা মোতাবেক পরিশোধ করতে হবে।

০৬। লিখিত আপীল ছাড়াও আপিলকারী স্বয়ং অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে আপিল ট্রাইব্যুনালে ব্যক্তিগত শুনানী দিতে চাইলে আপিল আবেদনে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭।

| | | | |
|---|---|---|---|
| ক) | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ঃ | মেসার্স নাস এ্যাপারেলস লিমিটেড, ৭/ডি, ষোলশহর, শি/এ, নাসিরাবাদ, চট্টগ্রাম |
| খ) | অভিযোগের বিবরণ | ঃ | লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ব্যতিরেকে প্রতিষ্ঠানের কারখানায় নতুন মেশিনারীজ/যন্ত্রপাতি স্থাপন ও ব্যবহার অভিযোগ। |

## মামলার প্রেক্ষাপট

০৮। মেসার্স নাস এ্যাপারেলস লিমিটেড, ৭/ডি, ষোলশহর, শি/এ, নাসিরাবাদ, চট্টগ্রাম বন্ড লাইসেন্স নং- ৫(১৩)কাবক/চট্টঃ/বন্ড/(পোঃ)/লাইঃ/০১/২০১৬, তারিখ-২৭/০১/২০১৬ খ্রিঃ এবং মূসক নিবন্ধন নং- ০০০৪৮৫৭৬১-০৫০৪ তারিখ-১৫/১২/২০১৯। এ দপ্তরের বন্ড লাইসেন্সি হিসাবে ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪, লাইসেন্সিং কর্তৃক পালনীয় শর্তাবলি এবং কাস্টমস আইন, ২০২৩ মোতাবেক যাবতীয় আমদানি-রপ্তানি ও আনুষাঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য আইনানুগভাবে দায়বদ্ধ।

০৯। প্রতিষ্ঠানের লাইসেন্স নথি ও অডিট নথি পর্যালোচনায় দেখা যায়, আপনার প্রতিষ্ঠানের ২০২৫ সালের নিরীক্ষা সম্পাদনের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শনকালে অনুমোদিত মেশিনারীজের তুলনায় ৮৮ সেট বেশী মেশিনারীজ দেখতে পাওয়া যায়। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং ২০৯ আইন/২০২৪/৬১/কাস্টমস, তারিখঃ২৯/০৫/২০২৪ খ্রি. ও এর সংশোধনী আদেশ নং-২৩১-আইন/২০২৫/৫৩/কাস্টমস, তারিখ: ২৯/০৫/২০২৫ খ্রি. এর মাধ্যমে জারিকৃত ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধি ৮ এর উপ-বিধি (১) এ বলা হয়েছে যে,

**"(১)আমদানিকৃত অথবা স্থানীয়ভাবে সংগৃহীত যন্ত্রপাতি প্রতিষ্ঠানে স্থাপন করিবার ৪৫(পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে সংগৃহীত আমদানি বা ক্রয় সংক্রান্ত দলিলাদি বন্ড লাইসেন্সে সংযোজনের জন্য আবেদন দাখিল করিতে হইবে"**

নতুন মেশিনারীজ কারখানায় স্থাপনের ক্ষেত্রে আপনার/আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক উল্লিখিত বিধান পরিপালন করা হয়নি, যা ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধি ৮ এর উপবিধি-(১) এর সুস্পষ্ট লঙ্ঘন।

১০। আপনাদের প্রতিষ্ঠানের এ ধরনের কার্যক্রমে ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধি ৮ এর উপবিধি-(১) এর সুস্পষ্ট লঙ্ঘন হওয়ায় বিষয়টি কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭১(১) এর টেবিলের ক্রমিক নং: ২ অনুযায়ী জরিমানা/দন্ড আরোপযোগ্য।

## কারণ দর্শানো নোটিশ জারি

১১। ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধি ৮ এর উপবিধি-(১) এর সুস্পষ্ট লঙ্ঘন হওয়ায় এবং কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭১(১) এর টেবিলের ক্রমিক নং: ২ অনুযায়ী জরিমানা/দন্ড আরোপযোগ্য মোতাবেক দন্ডনীয় হওয়ায় আপনি/আপনার প্রতিষ্ঠানের বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার লিখিত জবাব এ দপ্তরে দাখিল করার জন্য পত্র নথি নং-৫(৬)কাবক/চট্টঃ/নাস এ্যাপারেলস/অডিট/০৪/২০০৮/৯৬৫০, তাং-০৯/০৬/২০২৬ খ্রি. এর মাধ্যমে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।

## প্রতিষ্ঠান কর্তৃপক্ষের লিখিত জবাব দাখিল

১২। আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এ দপ্তর হতে জারিকৃত কারণ দর্শানো নোটিশের বিপরীতে গত ১৫/০৬/২০২৬ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিল করেছেন। কারণ দর্শানো নোটিশের জবাবে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উল্লেখ করেছেন "২০২৫ সালের নিরীক্ষা সম্পাদনের লক্ষ্যে এ দপ্তর হতে পরিদর্শন দল কর্তৃক পরিদর্শনের সময় ৮৮ সেট বেশী মেশিনারীজ পরিলক্ষিত হয়। এ সময়ে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দায়িত্বশীলগন লিখিতভাবে তা স্বীকার করেন এবং তাঁদের অনিচ্ছাকৃত ভুলটি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখে শুনানী ব্যতিরেকে সংক্ষিপ্ত বিচারাদেশের মাধ্যমে ন্যায় নির্ণয়ের জন্য বিনীত অনুরোধ জানান। তাঁরা পত্রে আরও উল্লেখ করেছেন ইতোমধ্যে বন্ড লাইসেন্সে মেশিনারীজ সংযোজনের প্রক্রিয়া শুরু করেছেন এবং বিষয়টি সদয় বিবেচনাপূর্বক এবং ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধি ৮ এর উপবিধি-(১) এর সুস্পষ্ট লঙ্ঘন হওয়ায় কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭১(১) এর টেবিলের ক্রমিক নং: ২ মোতাবেক তাদের প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ না করে ৮৮ সেট বেশী মেশিনারীজ সংযোজনের অনুমতি দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়েছেন"।

## পর্যালোচনা

১৩। প্রতিষ্ঠানের লাইসেন্স নথি, অডিট নথি, কারণ দর্শানো নোটিশ, লিখিত জবাব পর্যালোচনায় দেখা যায়, প্রতিষ্ঠানটি লাইসেন্সি হিসেবে রুলস এবং কাস্টমস আইন, ২০২৩ এর আওতায় যাবতীয় আমদানি-রপ্তানি ও আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য আইনানুগভাবে দায়বদ্ধ থাকলেও প্রতিষ্ঠান কর্তৃক নতুন স্থাপিত মেশিনারীজ স্থাপন ও উৎপাদন কার্যক্রমের বিষয়ে অনুমোদনের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করেননি।

এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং-২০৯-আইন/২০২৪/৬১/কাস্টমস, তারিখ:২৯/০৫/২০২৪ খ্রি. ও এর সংশোধনী আদেশ নং-২৩১-আইন/২০২৫/৫৩/কাস্টমস, তারিখ:২৯/০৫/২০২৫ খ্রি. এর মাধ্যমে জারিকৃত ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধি ৮ এর উপ-বিধি (১) এ বলা হয়েছে যে,

**"(১)আমদানিকৃত অথবা স্থানীয়ভাবে সংগৃহীত যন্ত্রপাতি প্রতিষ্ঠানে স্থাপন করিবার ৪৫(পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে সংগৃহীত আমদানি বা ক্রয় সংক্রান্ত দলিলাদি বন্ড লাইসেন্সে সংযোজনের জন্য আবেদন দাখিল করিতে হইবে"**

নতুন মেশিনারীজ কারখনায় স্থাপনের ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃক উল্লিখিত বিধান পরিপালন করা হয়নি, যা ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধি ৮ এর উপবিধি-(১) এর সুস্পষ্ট লঙ্ঘন।

০৩। প্রতিষ্ঠানের এ ধরনের কার্যক্রমে ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধি ৮ এর উপবিধি-(১) এর সুস্পষ্ট লঙ্ঘন হওয়ায় বিষয়টি কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭১(১) এর টেবিলের ক্রমিক নং: ২ অনুযায়ী জরিমানা/দন্ড আরোপযোগ্য।

## আদেশ

১৪। ওয়্যারহাউস লাইসেন্সি মেসার্স নাস এ্যাপারেলস লিমিটেড, ৭/ডি, ষোলশহর, শি/এ, নাসিরাবাদ, চট্টগ্রাম বন্ড লাইসেন্স নং ৫(১৩)কাবক/চট্টঃ/বন্ড/ (পোঃ)/লাইঃ/০১/২০১৬, তারিখ-২৭/০১/২০১৬ খ্রিঃ এবং মূসক নিবন্ধন নং-০০০৪৮৫৭৬১-০৫০৪ তারিখ-১৫/১২/২০১৯ খ্রি. নামীয় প্রতিষ্ঠানটির কার্যক্রমে লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলি প্রতিপালিত হয়নি। উক্ত শর্ত প্রতিপালিত না হওয়ায় ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধি ৮ এর উপবিধি (১) এর সুস্পষ্ট লঙ্ঘন হওয়ায় বিষয়টি কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭১(১) এর টেবিলের ক্রমিক নং: ২ অনুযায়ী দন্ডনীয় হওয়ায় জরিমানা বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পরিশোধ সাপেক্ষে ০৯/০৬/২০২৬ খ্রি. তারিখে এ দপ্তর হতে জারিকৃত কারণ দর্শানো নোটিশ হতে প্রতিষ্ঠানকে অব্যাহতি প্রদান করা হলো। একইসাথে বন্ড লাইসেন্সে মেশিনারীজ বন্ড লাইসেন্সে সংযোজন জন্য আইনানুগ কার্যক্রম গ্রহণের নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ
(মোহাম্মদ শহীদুল ইসলাম)
অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস
ই-মেইল-cbcctg@yahoo.com

প্রাপক ঃ ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স নাস এ্যাপারেলস লিমিটেড, ৭/ডি
ষোলশহর, শি/এ, নাসিরাবাদ, চট্টগ্রাম।

নথি নং-৫(৬)কাবক/চট্টঃ/নাস এ্যাপারেলস/অডিট/০৪/২০০৮/ ৯৫৪ তাং-২৬/০৬/২০২৬ খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল ট্রাইব্যুনাল, রাজস্ব ভবন (১১ তলা), প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০২। দ্বিতীয় সচিব (শুল্ক, রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৩। উপ/সহকারী কমিশনার, (মামলা ও বকেয়া শাখা), কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
০৪। উপ/সহকারী কমিশনার, (আইন শাখা), কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
০৫। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
০৬-০৭। প্রথম সহ-সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ ভবন (লেবেল ৪ এন্ড ৫), ৬৬৯/ই ঝাউতলা, রোড দক্ষিণ খুলশী, চট্টগ্রাম / বিকেএমইএ, এস.আলম. টাওয়ার (৪র্থ তলা), ৫৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
০৮-১০। ব্যবস্থাপক, দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড, ও.আর. নিজাম রোড শাখা, চট্টগ্রাম/ ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ, ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, সিডিএ এনেক্স বিল্ডিং, চট্টগ্রাম/ ব্যবস্থাপক, আল আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।
১১। অফিস কপি।

Dibakar
(দিবাকর হালদার)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

D:\Data File Info\Recent File\File\All Company info\MS Eusebio Textile Ltd\Audit Report\Auidt Report-2025\SCN (Owner)\Bicharadesh